

প্রথম আলো

গ্রামীণফোন-প্রথম আলো অ্যাপসের মাধ্যমে শিক্ষা কার্যক্রম শুরু

নিজস্ব প্রতিবেদক, রংপুর ●

'নিজেই হয়ে যাও নিজের টিউটর' এ স্লোগানে রংপুরের শিশু নিকেতন উচ্চবিদ্যালয়ে শিক্ষার্থীদের যুটোফোনে অ্যাপসের মাধ্যমে শিক্ষা কার্যক্রম গতকাল মঙ্গলবার থেকে শুরু হয়েছে। গ্রামীণফোনের পৃষ্ঠপোষকতা ও প্রথম আলোর ব্যবস্থাপনায় এ কার্যক্রমটি পরিচালিত হবে।

রংপুরের শিশু নিকেতন উচ্চবিদ্যালয়ের নবম শ্রেণির ৫০ জন শিক্ষার্থী এ কার্যক্রমের সঙ্গে যুক্ত হয়েছে। অ্যাপসের মাধ্যমে শিক্ষার্থীরা ইংরেজি দ্বিতীয় পত্র ও গণিত বিষয়ে জানতে পারবে। সেই সঙ্গে যুটোফোনের মাধ্যমে পরীক্ষাও দিতে পারবে।

চার মাসব্যাপী এ কর্মসূচি শুরু আগে শুভেচ্ছা বক্তব্য দেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিমল কুমার রায়, প্রথম আলোর রংপুরের নিজস্ব প্রতিবেদক আরিফুল হক।



রংপুর নগরের শিশু নিকেতন উচ্চবিদ্যালয়ের একাডেমিক ভবনে গতকাল সকালে গ্রামীণফোন-প্রথম আলোর আয়োজনে 'নিজেই হয়ে যাও নিজের টিউটর' শীর্ষক অ্যাপসের ব্যবহার শেখানো হয় ● ছবি : প্রথম আলো